NHS

# HPV

## vaccination

এইচপিভি (HPV) সংক্রমণ থেকে রক্ষা করা যাতে আপনার ক্যান্সারের ঝুঁকি কমাতে সহায়তা করা যায়



arm against cancer

# সর্বজনীন HPV টিকাদান কর্মসূচি

2008 সালের সেপ্টেম্বর মাস থেকে 8তম শ্রেণী হতে সকল মেয়েদের HPV টিকা প্রদান করা হয়েছে। 2019 সালের সেপ্টেম্বর মাস থেকে 8তম শ্রেণী হতে সকল ছেলেদেরও টিকা প্রদান করা হয়েছে।

এর কারণ হলো এটা স্পষ্টরূপে প্রমাণিত যে HPV ভ্যাকসিন ছেলে এবং মেয়ে উভয়কেই HPV-জনিত ক্যান্সার হতে রক্ষা করতে সহায়তা করে।

**বিশ্বব্যাপী HPV ভ্যাকসিনের 280 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে, যার মধ্যে 120 মিলিয়ন ডোজ মার্কিন যুক্তরাষ্ট্রে এবং 10 মিলিয়নের বেশি যুক্তরাজ্যে প্রদান করা হয়েছে।**

## HPV ভ্যাকসিন আপনাকে হিউম্যান প্যাপিলোমাভাইরাস (HPV)-এর সংক্রমণ হতে রক্ষা করতে সহায়তা করে।

পরবর্তী জীবনে এই ভাইরাস কিছু ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি বৃদ্ধি করে, যেমন:

- সার্ভিক্যাল ক্যান্সার
- মুখ ও গলার কিছু ক্যান্সার
- মলদ্বার ও যৌনাঙ্গের কিছু ক্যান্সার

অন্যান্য যৌনবাহিত সংক্রমণ হতে HPV ভ্যাকসিন সুরক্ষা প্রদান করে না।



# HPV এবং কিভাবে এটি বিস্তার লাভ করে

**HPV সংক্রমণ খুব সচরাচর দেখা যায়।** 70% এর বেশি টিকা গ্রহণ না করা মানুষ এটি পাবেন

70%

**HPV সমগ্র যৌনাঙ্গে এবং এর আশেপাশের ত্বকে বাস করে,** তাই কনডম ব্যবহার করলেও HPV থেকে পরিপূর্ণ সুরক্ষা পাওয়া যায় না

HPV এর **অনেক প্রকারভেদ** রয়েছে

বেশিরভাগ HPV সংক্রমণের কোনো প্রকার উপসর্গ থাকে না এবং **নিজে থেকেই ভালো হয়ে যায়**

**কয়েক প্রকার এমন রয়েছে যা পুরোপুরিভাবে পরিষ্কার হয় না** এবং এর দরুন ক্যান্সার হতে পারে এছাড়াও অন্য প্রকারভেদগুলো যৌনাঙ্গে আঁচিল সৃষ্টি করে

## HPV ভ্যাকসিন এখন পর্যন্ত কী ফলাফল বয়ে এনেছে?

যুক্তরাজ্যে টিকাদান কার্যক্রম শুরু হওয়ার পনেরো বছর পর থেকে HPV সংক্রমণ এবং যৌনাঙ্গে আঁচিলযুক্ত যুবকদের সংখ্যা ব্যাপকভাবে হ্রাস পেয়েছে।

এটি প্রত্যাশিত যে সময়ের সাথে সাথে ভ্যাকসিনটির প্রভাবে প্রতি বছর যুক্তরাজ্যে শত শত জীবন রক্ষা পাবে।

**সর্বোত্তম সুরক্ষা পেতে, যৌনভাবে সক্রিয় হওয়ার পূর্বে আপনার ভ্যাকসিন গ্রহণ করা উচিত।**

**আপনি যৌনভাবে সক্রিয় হয়ে থাকলে আপনার এখনই ভ্যাকসিন গ্রহণ করা উচিত।**

## HPV ভ্যাকসিন গ্রহণ

ভ্যাকসিনটি আপনার বাহুর উপরের অংশে ইনজেকশন হিসাবে প্রদান করা হয়।

সুরক্ষিত হওয়ার জন্য বেশিরভাগ লোকের শুধুমাত্র একটি ডোজ প্রয়োজন হবে। এটি সাধারণত আপনাকে ৪তম শ্রেণী হতে প্রদান করা হয়।



## HPV ভ্যাকসিন

NHS টিকার সূচীতে ব্যবহৃত HPV ভ্যাকসিনটি হলো গার্ডাসিল 9 এবং এটি 9 প্রকারের HPV হতে শুধুমাত্র একটি ডোজের দ্বারা সুরক্ষা প্রদান করে যা অধিকাংশ মানুষের ক্ষেত্রে ক্যান্সার এবং যৌনাঙ্গে আঁচিল সৃষ্টি করতে পারে।

## আমি আমার টিকা নিতে পারিনি, আমি কি এখনও এটি নিতে পারি?

হ্যাঁ। আপনি যদি স্কুল হতে আপনার টিকাটি না নিয়ে থাকেন, তবে আপনার যত দ্রুত সম্ভব এটি নিয়ে নেওয়ার চেষ্টা করতে হবে।

অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করার জন্য আপনার স্কুলের নার্স, স্কুল ইমিউনাইজেশন টিম বা অনুশীলনকারী জিপি ডাক্তারের সাথে যোগাযোগ করুন।

আপনার 25 তম জন্মদিন পর্যন্ত আপনি ভ্যাকসিন গ্রহণ করতে পারবেন।

## যেসকল মহিলারা ভ্যাকসিন নিয়েছেন তাদের এখনও সার্ভিক্যাল পরীক্ষার জন্য যেতে হবে

ইংল্যান্ডে 25 বছর বা তার বেশি বয়সী সকল মহিলাদের সার্ভিক্যাল স্ক্রীনিং টেস্ট করানো হয়। HPV ভ্যাকসিন 90% পর্যন্ত সার্ভিক্যাল ক্যান্সার প্রতিরোধ করবে, তবে মহিলাদের এরপরও আমন্ত্রণ জানানো হলে জরায়ু মুখের ক্যান্সার পরীক্ষায় উপস্থিত থাকা উচিত।





## অন্যান্য ক্যান্সারের ক্ষেত্রে কী করণীয়?

অন্যান্য HPV-জনিত ক্যান্সারের জন্য বর্তমানে কোনো স্ক্রীনিং প্রোগ্রাম নেই। কোনো প্রকার উপসর্গ নিয়ে আপনি চিন্তিত হয়ে থাকলে আপনার অনুশীলনকারী জিপি ডাক্তারের সাথে কথা বলুন।

## পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ

অন্যান্য বেশিরভাগ টিকার মতোই, HPV টিকার বেশ মৃদু পার্শ্বপ্রতিক্রিয়া রয়েছে। বাহুতে কালশিটে পড়া, ফোলাভাব এবং লালচেভাব থাকা স্বাভাবিক কিন্তু কয়েক দিনের মধ্যে এগুলো সেরে যায়। আরও গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া অত্যন্ত বিরল।

ভ্যাকসিনটি যুক্তরাজ্যে ব্যবহারের জন্য কঠোর নিরাপত্তাজনিত মান অর্জনে কৃতকার্য হয়েছে এবং এটিকে একটি অত্যন্ত নিরাপদ ভ্যাকসিন হিসেবে দেখানো হয়েছে। যুক্তরাজ্য এবং সারা বিশ্বে ইতোমধ্যেই ছেলে ও মেয়েদের লক্ষ লক্ষ ডোজ টিকা দেওয়া হয়েছে। অন্যান্য সকল ভ্যাকসিনের মতো, পার্শ্বপ্রতিক্রিয়াসমূহ সংশ্লিষ্ট যেকোনো প্রতিবেদন নিবিড়ভাবে পর্যবেক্ষণ ও পর্যালোচনা করা হয়।

আপনি যদি ভ্যাকসিনের কোনো সন্দেহজনক পার্শ্বপ্রতিক্রিয়া অনুভব করেন, তাহলে আপনি ইয়েলো কার্ড (Yellow Card) ওয়েবসাইটে অথবা **0800 731 6789** নম্বরে (সোম থেকে শুক্রবার সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত) কল করে অথবা Yellow Card অ্যাপ ডাউনলোড করে রিপোর্ট করতে পারেন।

**www.mhra.gov.uk/yellowcard**

# মনে রাখবেন

- ভবিষ্যতে অনেক প্রকার ক্যান্সার হতে নিজেকে রক্ষা করতে, আপনার HPV ভ্যাকসিন এখন পেতে” to “করতে এখন আপনার HPV ভ্যাকসিন নিতে হবে
- এই ভ্যাকসিন প্রতি বছর যুক্তরাজ্যে শত শত প্রাণ রক্ষা করছে
- HPV ভ্যাকসিন এর দ্বারা সুরক্ষা পাবার পরেও আপনার স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজন হবে, যেমন 25 বছর বয়স হতে আপনার সার্ভিক্যাল স্মিয়ার

## অধিকতর তথ্যের জন্য, দেখুন www.nhs.uk/hpv

Gardasil 9 ভ্যাকসিনের উপাদানসমূহের একটি পূর্ণ তালিকা রোগীর তথ্য সম্বলিত লিফলেটে (PIL) দেওয়া হয়েছে:
www.medicines.org.uk/emc/product/7330/pil

পণ্যের বৈশিষ্ট্যেসমূহের সারসংক্ষেপ (SPC):
www.medicines.org.uk/emc/product/7330/smpc/print

UK হেলথ সিকিউরিটি এজেন্সি কর্তৃক এই লিফলেটটি প্রস্তুতকৃত।
**টিকাদান, সকল বয়সের সবাইকে সুরক্ষা দিতে সাহায্য করে।**

এখান থেকে লিফলেটটি অর্ডার বা ডাউনলোড করা যেতে পারে: www.healthpublications.gov.uk, 0300 123 1002 নম্বরে কল করে (লাইনগুলো সোমবার থেকে শুক্রবার সকাল 8টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত খোলা থাকে)। এই লিফলেটটি নিম্নলিখিত ভাষায় অনুদিত অবস্থায়ও পাওয়া যায়: আলবেনিয়ান, আরবি, বাংলা, ব্রাজিলিয়ান পিটি., বুলগেরিয়ান, চাইনিজ, স্প্যানিশ, এস্তোনিয়ান, ফার্সি, ফিজিয়ান, গ্রীক, গুজরাটি, হিন্দি, কুর্দি, লাটভিয়ান, লিথুয়ানিয়ান, নেপালি, পাঞ্জাবি, পশতু, পোলিশ, রোমানি, রোমানিয়ান, রাশিয়ান, সোমালি, তাগালগ, তুর্কি, টুই, তিগ্রিনিয়া, ইউক্রেনীয়, উর্দু, ইদিশ এবং ইওরুবা

© Crown Copyright 2023. Product code: HPVU1L-BEN. 3P 850K MAY 2023 (APS)
UK Health Security Agency gateway number 2023-020 Bengali